

তরুণেরাই চাকরি দেবে: পলক



তথ্য ও যোগাযোগ প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, ‘তরুণেরা চাকরি খুঁজবে না, চাকরি দেবে। আমরা তাদের হাতে এক দিনের খাবার তুলে দিতে চাই না। সারা জীবনের খাবার তুলে দিতে চাই। সেভাবে কাজ করতে চাইছি।’

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ‘ইনোভেশন ডিজাইন অ্যান্ড এন্ট্রাপ্রেনিউরশিপ একাডেমি’ (আইডিয়া) প্রকল্প ও ইয়াং বাংলার ‘স্টুডেন্ট টু স্টার্টআপ: চ্যাপটার ওয়ান’ প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধনে তিনি এ কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, আইডিয়া প্রকল্পের মাধ্যমে ২০২১ সাল নাগাদ এক হাজারের বেশি স্টার্টআপ চালু হবে। বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের অনেক ধারণা থাকে। বিশ্ববিদ্যালয় জীবন পার করার পর অধিকাংশ সময় তা আর বাস্তবায়ন করা হয় না। সে কারণেই বিশ্ববিদ্যালয় পর্যায়ে ‘স্টুডেন্ট টু স্টার্টআপ’ আয়োজন করা হচ্ছে। প্রথম পর্বে ৪০টি বিশ্ববিদ্যালয়ে এ আয়োজন করা হবে।

আইডিয়া প্রকল্প পরিচালক সৈয়দ মজিবুল হক বলেন, যেসব স্টার্টআপ মূল্যায়ন করা যাবে, সেগুলোর জন্য কোটি টাকা ‘সিড মানি’ হিসেবে বিনিয়োগ করতে প্রস্তুত স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড। দেশের আট বিভাগের ৪০ বিশ্ববিদ্যালয়ে চলবে এ প্রকল্প। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছাড়াও শিক্ষার্থীরা অনলাইন নিবন্ধন করে প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবেন। প্রতিটি বিশ্ববিদ্যালয় থেকে তিনটি দল বাছাই করা হবে। তাদের নিয়ে ‘জাতীয় স্টার্টআপ ক্যাম্প’ হবে সাভারে। মূল প্রতিযোগিতায় ৩০ স্টার্টআপ অংশ নেবে। চূড়ান্তভাবে ১০ স্টার্টআপকে নির্বাচন করা হবে। তাদের বিনিয়োগ ও অন্যান্য সহযোগিতা দেওয়া হবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) নির্বাহী পরিচালক পার্থপ্রতিম দেব, তথ্যপ্রযুক্তি বিভাগের সচিব এন এম জিয়াউল আলম প্রমুখ।